শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২১৪.১৮-৩৬৯ তারিখঃ ০৯ শ্রাবণ ১৪২৬ / ২২ জুলাই ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৮৯৩/২০১১ (আপীল নং-১৬৪০/২০১৪ ও কনটেম্পট পিটিশন নং-৪৩৭/২০১৮) মামলার গত ০৬.০৩.২০১৪ খ্রি. তারিখের রায়ের আলোকে সিরাজগঞ্জ জেলার সদর উপজেলাধীন রাজীবপুর দাখিল মাদ্‌রাসার ০৩ (তিন) জন শিক্ষক, কর্মচারীর বকেয়া বেতন ভাতা (এমপিও) প্রদান।

সূত্র: (১) অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০২.২০১৩(অংশ-১).৮৪ তারিখ: ০৫.০৩.২০১৫ খ্রি.।
(২) রাজীবপুর দাখিল মাদ্‌রাসার সুপারের আবেদন তারিখ: ১৭.০৯.২০১৮ খ্রি.।
(৩) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২১৪.১৮-৪৯৫ তারিখ: ১১.১২.২০১৮ খ্রি.।
(৪) রাজীবপুর দাখিল মাদ্‌রাসার সুপারের স্মারক নং-রা./দা/মা/(২)২০০৯ তারিখ: ০৬.০৫.২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রিট পিটিশন নং-১৮৯৩/২০১১ মামলার ০৬.০৩.১৪ খ্রি. তারিখের রায়ের আলোকে জনবলকাঠামো ০৪ ফেব্রুয়ারি, ২০১০ অনুযায়ী সিরাজগঞ্জ জেলার রাজীবপুর দাখিল মাদ্রাসাটি "দাখিল স্তরে" এমপিওভুক্তির জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হয়।

০২। তদপ্রেক্ষিতে মাউশি অধিদপ্তর কর্তৃক বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীগণকে জুলাই/১৫ মাসে এমপিওভুক্তক্রমে তা চলমান আছে এবং পূর্ণ রায় বাস্তবায়নের নিমিত্ত (রায়ের নির্দেশনামতে) ২০০৯-২০১০ অর্থবছর হতে বকেয়া বেতন-ভাতার (এমপিও) জন্য DG, DME বরাবর উক্ত মাদরাসার সুপার কর্তৃক গত ১৭.০৯.১৮ খ্রি. তারিখে আবেদন করা হয় যা কনটেম্পট পিটিশন নং-৪৩৭/১৮ এর পিটিশনের Enclosure হিসেবে সংযুক্ত আছে মর্মে দেখা যায়।

০৩। এখানে উল্লেখ্য যে, উক্ত কনটেম্পট মামলাটি (মামলা নং-৪৩৭/১৮) নিষ্পত্তির লক্ষে কনটেম্পট পিটিশন নং-৪৩৭/১৮ এর আর্জি Enclosure হিসেবে সংযুক্ত সুপারের ১৭.০৯.১৮ খ্রি. তারিখের আবেদনে (DG, DME বরাবর) বর্ণিত মতে টিএমইডি কর্তৃক সূত্র (৩) মূলে রাজীবপুর দাখিল মাদ্রাসার শিক্ষক, কর্মচারীগণের অনুকূলে ০৬ মে/১০ হতে জুন/১৫ পর্যন্ত সময়ের (জুলাই/১৫ হতে এমপিও চালু থাকায়) বকেয়া এমপিও পরিশোধের জন্য নির্দেশনা জারি করা হয়। তদপ্রেক্ষিতে উক্ত সময়ের বকেয়া উক্ত শিক্ষক, কর্মচারীর অনুকূলে পরিশোধিত হয়েছে মর্মে সুপার কর্তৃক সূত্র (৫) মূলে দাখিলকৃত (সচিব, TMED) আবেদনে জানা যায়।

০৪। আরো উল্লেখ্য যে, অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয়ের সূত্র (১) পত্রমূলের নির্দেশনা মতে মাউশি অধিদপ্তর কর্তৃক গত জুলাই/১৫ হতে উক্ত (রাজীবপুর দাখিল মাদ্রাসা) মাদরাসাটির দাখিল স্তর (দাখিল স্তরে অনুমোদিত এবং বিদ্যমান সকল জনবলসহ) এমপিওভুক্ত করা হয় এবং পরবর্তীতে উক্ত প্রতিষ্ঠানের সুপার কর্তৃক সূত্র (২) মূলে আবেদনের (যা কনটেম্পট পিটিশন নং-৪৩৭/১৮ এর আর্জির Enclosure হিসেবে সংযুক্ত আছে) প্রেক্ষিতে টিএমইডি কর্তৃক নির্দেশনার আলোকে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের অনুকূলে ০৬ মে/১০ হতে জুন/১৫ পর্যন্ত সময়ের বকেয়া বেতন ভাতা (এমপিও) পরিশোধ করা হয়েছে।

০৫। কিন্তু উক্ত দীর্ঘ সময়ের মধ্যে সুপার কর্তৃক কখনোই জানানো হয়নি যে, উক্ত মাদরাসার সকল শিক্ষক, কর্মচারী একই সময় এমপিওভুক্ত হয়নি, বকেয়াও প্রাপ্ত হননি বরং তারা ০২ বারে এমপিওভুক্ত হয়েছে এবং আংশিক বকেয়া প্রাপ্ত হয়েছেন যা ০৬.০৫.১৯ খ্রি. তারিখের আবেদনে উল্লেখ করা হয়েছে।

০৬। এমতাবস্থায়, সুপার কর্তৃক দাখিলকৃত ০৬.০৫.১৯ খ্রি. তারিখের আবেদনের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নিম্নলিখিত বিষয়গুলো স্পষ্ট হওয়া প্রয়োজন:

ক. অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৫.০৩.২০১৫ খ্রি. তারিখের ৮৪ সংখ্যক পত্রের নির্দেশনা জারীর সময় ২০১০ এর জনবল কাঠামো নীতিমালা মতে প্রকৃতপক্ষে কতজন শিক্ষক, কর্মচারী উক্ত মাদরাসায় কর্মরত ছিলেন (নাম, পদবি ও ইনডেক্স নম্বর উল্লেখসহ)।

খ. অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৫.০৩.২০১৫ খ্রি. তারিখের ৮৪ সংখ্যক পত্রের নির্দেশনা মতে প্রকৃতপক্ষে উক্ত মাদরাসার কতজন শিক্ষক, কর্মচারীকে এমপিওভুক্ত করা হয়েছিল (নাম, পদবি ও ইনডেক্স নম্বর উল্লেখসহ)।

গ. ০৫.০৩.২০১৫ খ্রি. তারিখের ৮৪ সংখ্যক পত্রের নির্দেশনা মতে প্রকৃতপক্ষে ২০১০ এর জনবল কাঠামোভুক্ত এবং কর্মরত থাকা সত্তেও কোন কোন শিক্ষক কর্মচারী এমপিওভুক্ত হননি এবং না হওয়ার কারণ কী ((নাম, পদবি ও ইনডেক্স নম্বর উল্লেখসহ) এবং এর জন্য দায়ী কে?

ঘ. টিএমইডি কর্তৃক ১১.১২.১৮ খ্রি. তারিখের ৪৯৫ সংখ্যক পত্রমূলে রাজীবপুর দাখিল মাদরাসা, সিরাজগঞ্জ এর শিক্ষক, কর্মচারীগণের অনুকূলে০৬ মে/১০ হতে জুন/১৫ পর্যন্ত সময়ের (জুলাই/১৫ হতে এমপিও চালু থাকায়) বকেয়া এমপিও পরিশোধের জন্য নির্দেশনা জারি হয় এবং তৎপ্রেক্ষিতে শিক্ষক, কর্মচারীর বকেয়া পরিশোধিত হওয়ার পরও বর্তমানে উক্ত মাদরাসার কোন শিক্ষক, কর্মচারী বকেয়া এমপিও প্রাপ্য কীনা? প্রাপ্য হলে কবে থেকে, কেন কিভাবে প্রাপ্য হন (প্রমাণক, নাম, পদবি ও ইনডেক্স নম্বর উল্লেখসহ)?

ঙ. সুপার কর্তৃক দাখিলকৃত ০৬.০৫.১৯ খ্রি. তারিখের আবেদন বিষয়ে বর্তমানে কি করণীয় এবং কিভাবে?

০৭। এমতাবস্থায়, উপরি-উক্ত মতে চাহিত তথ্যাদি (DG ,DME এর সুস্পষ্ট মতামত এবং এতদসংশ্লিষ্ট প্রমাণকসহ) আগামী ৩১.০৭.২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২১৪.১৮-৩৬৯/১(৮)

তারিখঃ ০৯ শ্রাবণ ১৪২৬
২২ জুলাই ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, রাজশাহী।
৭। জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
৮। সুপার, রাজীবপুর দাখিল মাদ্‌রাসা, ডাক-রাজীবপুর, উপজেলা ও জেলা-সিরাজগঞ্জ।
৯। অফিস কপি/মাস্টার কপি।

২২/৭/১৯

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭